

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাজেট/প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৯.০০.০০০০.২১৮.০৭.০০৪.১৪- ২৪৭

তারিখ : ০৮ জানুয়ারি ২০১৫


বিষয় : বছর ভিত্তিক টবসহ বিভিন্ন ধরনের ইনডোর প্লান্ট সরবরাহকারী প্রতিষ্ঠান নিয়োগ সংক্রান্ত।

সূত্র : নং-২৯.০০.০০০০.২১৮.০৭.০০৪.১৪-১৮৫ তারিখ : ২৫-১১-২০১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর অফিস কক্ষ, সচিব মহোদয়ের অফিস কক্ষ এবং মন্ত্রণালয়ের করিডোরের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে বছর ভিত্তিক মাসিক ভাড়ার ভিত্তিতে টবসহ বিভিন্ন ধরনের ৭০(সত্তর)টি ইনডোর প্লান্ট সরবরাহ ও পরিচর্যা নিমিত্ত সূত্রোক্ত স্মারকের মাধ্যমে গত ২৫/১১/২০১৪ তারিখে কোটেশন বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। তৎপ্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কোটেশনটি সর্বনিম্ন হওয়ায় মন্ত্রণালয়ের দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তা গৃহীত হয়। কোটেশনে উল্লিখিত বিবরণী ও মাসিক ৮,৩৩০/- (আট হাজার তিনশত ত্রিশ) টাকা হারে ০১(এক) বছরে সর্বমোট (৮৩৩০x১২)=৯৯,৯৬০/- (নিরানব্বই হাজার নয়শত ষাট) টাকা মূল্যে বছর ভিত্তিক টবসহ বিভিন্ন ধরনের ইনডোর প্লান্ট সরবরাহ এবং পরিচর্যা নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে কার্যাদেশ প্রদান করা হলো। এ কার্যাদেশ ০১/০১/২০১৫ তারিখ হতে ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত বলবত থাকবে।

শর্তাবলী :

- ১। মন্ত্রণালয়ের সাথে একটি চুক্তিনামা স্বাক্ষর করতে হবে;
- ২। মন্ত্রণালয় কর্তৃপক্ষ যে কোন সময় এ নিয়োগ বাতিল বা এর মেয়াদ বৃদ্ধি করতে পারবে।
- ৩। সরবরাহকৃত ফুলের টবসহ বিভিন্ন ধরনের ইনডোর প্লান্ট-এ কোনপ্রকার ভ্রুগুটি থাকলে তা বদল করে দিতে হবে;
- ৪। সরবরাহকৃত ফুলের টবসহ বিভিন্ন ধরনের ইনডোর প্লান্ট নিয়মিত ভাবে পরিচর্যা করতে হবে;
- ৫। বিল পরিশোধের নিমিত্ত বিল ও চালানের কপি দাখিল করতে হবে।



(মোঃ মজিবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৬৬৪৩

মেসার্স গাউছে পার্ক গার্ডেন সেন্টার
কমলাপুর রেলওয়ে স্টেশন কেন্দ্রীয় জামে মসজিদ সংলগ্ন
কমলাপুর, ঢাকা-১২১৭।

নং-২৯.০০.০০০০.২১৮.০৭.০০৪.১৪- ২৪৭
সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

তারিখ : ০৮ জানুয়ারি ২০১৫

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপসচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। অফিস কপি।


(মোঃ মজিবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব